



হরমুজে জাহাজ চলাচল ও গাজায় যুদ্ধবিরতি চায় কাতার-ফ্রান্স



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলে বিধিনিষেধ না রাখা এবং গাজায় যুদ্ধবিরতি কার্যকরের পক্ষে অবস্থান জানিয়েছে কাতার ও ফ্রান্স। গাজায় মানবিক সহায়তা প্রবেশের সুযোগ নিশ্চিত করা এবং পশ্চিম তীরে ইসরায়েলি বসতি সম্প্রসারণ বন্ধেরও আহ্বান জানিয়েছে দেশ দুটি। খবর আল-জাজিরার।

দোহায় কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি ও ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর বৈঠকের পর বুধবার (২১ অক্টোবর) প্রকাশিত যৌথ বিবৃতিতে এসব বিষয় উঠে আসে।

বিবৃতিতে হরমুজ প্রণালিতে কোনো বাধা বা ফি ছাড়াই জাহাজ চলাচলের ওপর গুরুত্ব দেওয়া হয়। মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে ইরানের সামরিক হামলারও সমালোচনা করেন দুই নেতা। তাঁদের বক্তব্য অনুযায়ী, এ ধরনের হামলা আন্তর্জাতিক আইনের গুরুতর লঙ্ঘন।

এদিকে, হরমুজ প্রণালি খুলে দেওয়া ও আঞ্চলিক উত্তেজনা প্রশমনে কূটনৈতিক তৎপরতা অব্যাহত রয়েছে। মঙ্গলবার কাতারের মধ্যস্থতাকারী ইব্রাহিম বিন সুলতান আল-হাশমি এ বিষয়ে আলোচনার কথা জানান। পরদিন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচিও কূটনীতির মাধ্যমে সমাধানের আরেকটি সুযোগ দেওয়ার প্রস্ততির কথা বলেন।

গাজার পরিস্থিতি নিয়ে কাতার ও ফ্রান্সের বক্তব্যে ইসরায়েলি সেনা প্রত্যাহার এবং নিরাপদে মানবিক সহায়তা পৌঁছানোর বিষয়টি গুরুত্ব পেয়েছে। জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) হিসাব অনুযায়ী, গাজার প্রায় ১৪ লাখ মানুষ খাদ্যসংকটে রয়েছে, যা সেখানকার মোট জনসংখ্যার প্রায় দুই-তৃতীয়াংশ।

পশ্চিম তীর দখল বা ইসরায়েলের সঙ্গে যুক্ত করার উদ্যোগের বিরোধিতা করার পাশাপাশি ইসরায়েলি বসতি স্থাপন ও বসতি স্থাপনকারীদের সহিংসতা বন্ধের আহ্বানও জানিয়েছে দেশ দুটি।